'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.Com. Programme 3rd Semester Examination, 2022

## LCC1-P2-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) মৌলিক স্বরধ্বনি কাকে বলে ? বাংলা মৌলিক স্বরধ্বনিগুলির উল্লেখ করো।

(খ) অল্পপ্রাণ ও মহাপ্রাণ বর্ণের তিনটি করে উদাহরণ লেখো।

(গ) উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ

অপিনিহিতি অথবা সমীভবন।

(ঘ) নিম্নলিখিত শব্দগুলির অর্থ লেখোঃ

বান-বাণ; কালী-কালি; শারদা-সারদা।

(ঙ) প্রত্যয় নির্ণয় করোঃ

গমন, প্রণম্য, চলন্ত, বিধাতা, গাঙ্গেয়, রাঘব।

(চ) পদ পরিবর্তন করোঃ

জল, আকাশ, ধন।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) কারক ও বিভক্তি নির্ণয় করোঃ

(অ) <u>তোমার</u> খাওয়া হয়নি।

(আ) যেখানে <u>বাঘের</u> ভয় সেখানে সন্ধ্যা হয়।

(ই) <u>আমাকে</u> গাইতে হবে।

(ঈ) <u>স্কুল</u> পালানো ছেলে।

(উ) মেঘে মেঘে <u>বেলা</u> বাড়ে।

(খ) টীকা লেখোঃ

অভিশ্রুতি, লোকনিরুক্তি।

(গ) সমাস কাকে বলে ? ব্যাসবাক্য ও সমস্যমান পদের মধ্যে পার্থক্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(ঘ) 'উপসর্গযোগে শব্দার্থের পরিবর্তন হয়' — মন্তব্যটির দৃষ্টান্তসহ আলোচনা করো।

(ঙ) বর্তমান কালের বিভিন্ন রূপের উদাহরণসহ আলোচনা করো।

(চ) এক কথায় প্রকাশ করোঃ

(অ) যা বলার যোগ্য নয়;

(আ) যা অধ্যয়ন করা হয়েছে;

(ই) যার অন্ত নাই;

(ঈ) যে ভূমি উর্বর নয়;

(উ) ফল পাকলে যে গাছ মরে যায়;

(ঊ) পাখির ডাক;

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) ধ্বনি পরিবর্তনের কারণগুলি বিশদে আলোচনা করো।

(খ) উচ্চারণ স্থান ও প্রকৃতি অনুসারে বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির শ্রেণিবিভাগ করো।

(গ) উদাহরণসহ সংজ্ঞা দাওঃ

স্বরভক্তি, সমীভবন, স্বরসঙ্গতি, বর্ণ বিপর্যয়।

(ঘ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি বিশদে আলোচনা করো।

——×——